# Business Squad

পরীক্ষার নাম: Accounting Subject Test-01
সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 20 টি | মোট নম্বর: 20 × 1 = 20
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) একটি প্রতিষ্ঠান গোল্ডেন ট্রেডিং লি. এর নিট কার্যকর মূলধন হলো ১৪,৬০০ টাকা। প্রতিষ্ঠানের চলতি অনুপাত নির্ধারিত হয়েছে ৫:২। প্রতিষ্ঠানের বর্তমান দায়ের পরিমাণ কত টাকা? (Accounting)

A). ৬৩,০০০
B). ১৪,৬০০
C). ৩৬,৫০০
D). ৭৩,০০০

আপনার উত্তরঃ B). ১৪,৬০০,
সঠিক উত্তরঃ A). ৬৩,০০০,

2) মুনলাইট কোম্পানি বছরের শেষে ৫০,০০০ টাকা নিট আয় করেছে। কোম্পানির বার্ষিক নিট বিক্রয় হয়েছে ৫,০০,০০০ টাকা। যদি নিট মুনাফার হার নির্ণয় করা হয়, তবে সেটি কত হবে? (Accounting)

A). ৪%
B). ১০%
C). ৬%
D). ২০%

আপনার উত্তরঃ D). ২০%,
সঠিক উত্তরঃ B). ১০%,

3) গ্রীন টেক্স লিমিটেড নামের একটি প্রতিষ্ঠানের বছরের নিট আয় হয়েছে ৬০,০০০ টাকা। প্রতিষ্ঠানের নিট বিক্রয় ৫,০০,০০০ টাকা এবং গড় সম্পদ ৭,০০,০০০ টাকা। তাহলে প্রতিষ্ঠানের মুনাফার হার কত হবে? (Accounting)

A). ৮%
B). ১২%
C). ১০%
D). ১৫% ১৫%

আপনার উত্তরঃ C). ১০%,
সঠিক উত্তরঃ B). ১২%,

4) একটি কোম্পানির নির্দিষ্ট বছরে নিট ধারে বিক্রয় হয়েছে ১৫,০০,০০০ টাকা। বছরের বিক্রয়ের শুরুতে দেনাদারের পরিমাণ ছিল ১,৫০,০০০ টাকা এবং শেষে দেনাদারের পরিমাণ দাঁড়িয়েছে ১,৭০,০০০ টাকা। ঐ বছরের দেনাদার আবর্তন অনুপাত কত হবে? (Accounting)

A). ৮.৫ বার
B). ৯ বার
C). ১০ বার
D). ১১ বার

আপনার উত্তরঃ C). ১০ বার,
সঠিক উত্তরঃ B). ৯ বার,

5) একটি প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি স্থিতি মূল্যায়নের জন্য কোন অনুপাত ব্যবহার করা হয়? (Accounting)

A). চলতি অনুপাত
B). মোট সম্পদ আয়ের হার
C). ঋণ-মূলধন অনুপাত
D). দ্রুত অনুপাত

আপনার উত্তরঃ C). ঋণ-মূলধন অনুপাত,
সঠিক উত্তরঃ C). ঋণ-মূলধন অনুপাত,

Business Squad

6) আমানতকারীর বইতে নিম্নের কোন সমন্বয় আইটেমের জন্য জাবেদা লিখন প্রয়োজন? (Accounting)
A). বকেয়া চেক
B). ব্যাংকের ভুল
C). ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ
D). ট্রানজিটে জমা
আপনার উত্তরঃ C). ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ,
সঠিক উত্তরঃ C). ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ,

7) কোনটি ডেবিট মেমোরেন্ডাম নয়? (Accounting)
A). ব্যাংক সার্ভিস চার্জ
B). অপর্যাপ্ত তহবিল চেক
C). চেক প্রিন্টিং খরচ
D). অর্জিত সুদ
আপনার উত্তরঃ D). অর্জিত সুদ,
সঠিক উত্তরঃ D). অর্জিত সুদ,

8) ক্যাশ বই অনুযায়ী ব্যালেন্স ২,৯০০ টাকা, ইস্যুকৃত কিন্তু অনুপস্থাপিত চেক ৮০০ টাকা, ব্যাংক কর্তৃক আদায়কৃত বিল ২,২০০ টাকা, জমাকৃত কিন্তু অমর্যাদাকৃত চেক ৩,০৯০ টাকা হলে পাশ বইয়ের ব্যালেন্স কত? (Accounting)
A). ২,৯৯০ টাকা
B). ৪,৮৫০ টাকা
C). ৩,২৫০ টাকা
D). ২,৮১০ টাকা
আপনার উত্তরঃ B). ৪,৮৫০ টাকা,
সঠিক উত্তরঃ D). ২,৮১০ টাকা,

9) ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতে জমাকৃত চেক যা ডিজঅনার হয়েছে তা সমন্বয়ের জন্য: (Accounting)
A). নগদান বই অনুসারে নগদ জের হতে বাদ দিতে হবে
B). নগদান বই অনুসারে নগদ জেরের সাথে যোগ করতে হবে
C). পাস বই অনুসারে ব্যাংকের জের হতে বাদ দিতে হবে
D). পাস বই অনুসারে ব্যাংকের জেরের সাথে যোগ করতে হবে
আপনার উত্তরঃ B). নগদান বই অনুসারে নগদ জেরের সাথে যোগ করতে হবে,
সঠিক উত্তরঃ A). নগদান বই অনুসারে নগদ জের হতে বাদ দিতে হবে,

10) নিচের কোনটি ক্যাশ বই ও পাস বইয়ের মধ্যে অসামঞ্জস্য সৃষ্টি করে না? (Accounting)
A). ব্যাংকের পক্ষ হতে সুদ প্রাপ্তি
B). কোম্পানির নগদ বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ
C). জমা দেওয়া কিন্তু অমর্যাদাকৃত চেক
D). ব্যাংক কর্তৃক চার্জ কর্তন
আপনার উত্তরঃ B). কোম্পানির নগদ বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ,
সঠিক উত্তরঃ B). কোম্পানির নগদ বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ,

Business Squad

11) নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়? (Accounting)
A). বিমা খরচ
B). ব্যবস্থাপকের বেতন
C). প্রত্যক্ষ কাঁচামাল
D). যন্ত্রপাতির অবচয়
আপনার উত্তরঃ C). প্রত্যক্ষ কাঁচামাল,
সঠিক উত্তরঃ C). প্রত্যক্ষ কাঁচামাল,

12) নিচের কোনটি মুখ্য ব্যয়ের অংশ নয়? (Accounting)
A). প্রত্যক্ষ উপকরণ ব্যয়
B). প্রত্যক্ষ মজুরি
C). প্রত্যক্ষ ব্যয়
D). কারখানার ভাড়া
আপনার উত্তরঃ D). কারখানার ভাড়া,
সঠিক উত্তরঃ D). কারখানার ভাড়া,

13) নিম্নের তথ্যের ভিত্তিতে মুখ্য ব্যয় টাকায় নির্ণয় কর: কাঁচামাল ক্রয় ৬৬,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ৫২,৫০০ টাকা; অন্যান্য প্রত্যক্ষ ব্যয় ৩,০০০ টাকা; বহিঃপরিবহণ ৫,০০০ টাকা ও সুপারভাইজারের বেতন ৭,০০০ টাকা। (Accounting)
A). ১,১৮,৫০০
B). ১,২১,৫০০
C). ৬৬,০০০
D). ১,৩৩,৫০০
আপনার উত্তরঃ B). ১,২১,৫০০,
সঠিক উত্তরঃ B). ১,২১,৫০০,

14) উৎপাদন ব্যয় হিসাবের মুখ্য উদ্দেশ্য হলো- (Accounting)
A). ব্যয় বণ্টন
B). ব্যয় নির্ধারণ
C). ব্যয় পরিকল্পনা
D). বিক্রয়মূল্য নির্ধারণ
আপনার উত্তরঃ B). ব্যয় নির্ধারণ,
সঠিক উত্তরঃ B). ব্যয় নির্ধারণ,

15) নিচের কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের বিশেষ তহবিলের উদাহরণ নয়? (Accounting)
A). উন্নয়ন তহবিল
B). আপ্যায়ন তহবিল
C). মূলধন তহবিল
D). টুর্নামেন্ট তহবিল
আপনার উত্তরঃ C). মূলধন তহবিল,
সঠিক উত্তরঃ C). মূলধন তহবিল,

Business Squad

16) মোট চাঁদা প্রাপ্তি ৫০,০০০ টাকা। তার মধ্যে বিগত বৎসরের ৫,০০০ টাকা, আগামী বৎসরের ৭,৫০০ টাকা এবং চলতি বৎসরের অনাদায়ি চাঁদা ৯,০০০ টাকা হলে আয়-ব্যয় হিসাবে চলতি বৎসরে চাঁদা খাতে কত টাকা ক্রেডিট করা হবে? (Accounting)
A). ৪৬,৫০০ টাকা
B). ৭১,৫০০ টাকা
C). ৫০,০০০ টাকা
D). ৫৩,৫০০ টাকা
আপনার উত্তরঃ C). ৫০,০০০ টাকা,
সঠিক উত্তরঃ A). ৪৬,৫০০ টাকা,

17) একতরফা দাখিলা পদ্ধতিতে কারবারের আর্থিক অবস্থা জানতে প্রস্তুত করা হয় (Accounting)
A). উদ্বর্তপত্র
B). চূড়ান্ত হিসাব
C). ক্রয়-বিক্রয় হিসাব
D). বৈষয়িক হিসাব
আপনার উত্তরঃ C). ক্রয়-বিক্রয় হিসাব,
সঠিক উত্তরঃ D). বৈষয়িক হিসাব,

18) একতরফা দাখিলা পদ্ধতিতে মূলধনের সুদ কিসের উপরে নির্ণয় করতে হয়? (Accounting)
A). সমাপনী জের
B). প্রারম্ভিক জের
C). উভয় জের
D). কোনটিই নয়
আপনার উত্তরঃ B). প্রারম্ভিক জের,
সঠিক উত্তরঃ B). প্রারম্ভিক জের,

19) সম্পত্তি মালিকের প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা। বছরে কারবারের ক্ষতি ৮,০০০ টাকা ও মালিকের উত্তোলন ১০,০০০ টাকা। সমাপনী মূলধন কত? (Accounting)
A). ৬৫,০০০ টাকা
B). ৭৮,০০০ টাকা
C). ৫২,০০০ টাকা
D). ১,০৪,০০০ টাকা
আপনার উত্তরঃ C). ৫২,০০০ টাকা,
সঠিক উত্তরঃ C). ৫২,০০০ টাকা,

20) প্রারম্ভিক মূলধন ২,০০,০০০ টাকা, পুনরায় বিনিয়োগ ৮০,০০০ টাকা, উত্তোলন ৫০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৩,৭০,০০০ টাকা হলে মুনাফা হবে (Accounting)
A). ১,৯০,০০০ টাকা
B). ১,৪০,০০০ টাকা
C). ২,৯০,০০০ টাকা
D). ২,১০,০০০ টাকা
আপনার উত্তরঃ B). ১,৪০,০০০ টাকা,
সঠিক উত্তরঃ B). ১,৪০,০০০ টাকা,

Business Squad